

০-৩ বছর বয়সী শিশুদের যোগাযোগের দক্ষতার বিকাশ

আপনার প্রতিদিনকার সাধারণ কথাবার্তা যা আপনি আপনার শিশুর সাথে করে থাকেন সবই স্কুলে ভাল করতে তাকে সাহায্য করবে, এমনকি আপনার শিশু কথা বলা শুরু করেছে।

শিশু এবং ছোট বাচ্চারা কথা বলা শেখার বহু আগে থেকেই যোগাযোগ (অন্য ব্যক্তির সাথে তথ্য আদান প্রদান) করতে শিখে। তারা প্রতিদিন তাদের চারপাশের লোকদের সংস্পর্শে থাকার সময় কথাবার্তা বলতে শিখে। তারা অন্যদের দেখে এবং তাদের কথা শুনে যখন তারা তাদের প্রয়োজন, অনুভূতি এবং অভিজ্ঞতাগুলি ব্যক্ত করার জন্য অঙ্গভঙ্গি করে।

প্রারম্ভিক যোগাযোগের উত্তম দক্ষতা ভাল ভাষা ও স্বাক্ষরতার (পড়া এবং লেখা) সম্ভাবনা সৃষ্টি করে।

শিশুরা সবসময়ই:

শুনেছে — এমনকি মাতৃগর্ভে থাকা অবস্থায়ও

দেখছে — শিশুরা কথা বলার আগে চোখের যোগাযোগ খুবই গুরুত্বপূর্ণ

মুখভঙ্গি করছে — অতিরঞ্জিত মুখভঙ্গি একটি শিশুর মনোযোগ প্রকাশ করে

মস্তিষ্কের বিকাশ

শিশুদের প্রথম তিন বছরে তাদের মস্তিষ্ক জীবনের অন্য যেকোন সময়ের চেয়ে দ্রুত বৃদ্ধি ও বিকাশ লাভ করে।

আপনার শিশুর মস্তিষ্কের দেখা এবং শুনতে শিখার জন্যও এই সময়টি বেশ গুরুত্বপূর্ণ। শিশুদের নড়াচড়া, আকৃতি, রং এবং বস্তু (কাছের এবং দূরের) দেখার দরকার রয়েছে যাতে তাদের মস্তিষ্ক কেমন করে দেখতে হয় তা শিখে। শিশুদের বিভিন্ন ধরনের প্রচুর পরিমাণ শব্দ শোনারও প্রয়োজন রয়েছে যাতে তারা শোনা এবং শব্দ বোঝার ক্ষমতা বৃদ্ধি করতে পারে।

জীবনের প্রথম কয়েক বছর হলো ভাষার বিকাশ ও কথা বলা শিখার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। আপনার কথা বলা, গান গাওয়া এবং তাদের সব সময়ই বই পড়ে শোনানো এর সবই শিশুদের শোনার প্রয়োজন রয়েছে। যখন তারা আধ বুলিতে কথা বলছে এবং আপনার কথা অনুকরণের চেষ্টা করছে তখনও তাদের সাথে আপনার কথা বলার প্রয়োজন রয়েছে।

আপনিই হলেন আপনার শিশুর প্রথম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ শিক্ষক

- আপনার শিশুর কথা শুনুন
- আপনার শিশুর সাথে কথা বলুন
- দুজনে মিলে গান আর ছড়া বলুন
- দুজনে মিলে বই পড়ুন
- দুজনে মিলে নতুন কোনো জায়গায় যান
- খেলার জন্য বাড়ী থেকে তাদের বিভিন্ন ধরনের প্রচুর জিনিসপত্র দিন
- তারা যে ভাল করছে তা তাদের জানান

মনে রাখবেন:

বাচ্চাদের সাথে খেলা তাদের যোগাযোগ করতে শেখায়। টিভি এবং কম্পিউটার গেমস্, ডিভিডি এবং ফ্ল্যাসকার্ড, এমনকি সেগুলি শিক্ষামূলক হলেও, বাচ্চাদের যোগাযোগের দক্ষতা তৈরীতে সাহায্য করে না। কেবলমাত্র মানুষের সাথে কথা বললেই শিশুরা তাদের যোগাযোগের দক্ষতা বিকাশ করতে পারে।

